যুগান্তর

তারিখ SEP. 25 2006
পৃষ্ঠা ১৫ কলাম ৩

# মাদ্রাসা শিক্ষা জামায়াতীকরণের উদ্যোগ সফল হবে না
## —মিজবাহুর রহমান চৌধুরী

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ ইসলামী ঐক্যজোটের চেয়ারম্যান মিছবাহুর রহমান চৌধুরী বলেছেন, মাদ্রাসা শিক্ষাকে জামায়াতীকরণ করার সাঈদীর উদ্যোগ কখনও সফল হবে না। এদেশের মানুষ একটি স্বতন্ত্র আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যে মাদ্রাসা শিক্ষক সংগঠন জমিয়াতুল মোদ্দারেছীনের নেতৃত্বে বহুদিন থেকে আন্দোলন করে আসছে। হঠাৎ করে মাদ্রাসাগুলোকে জামায়াতীকরণ করার লক্ষ্যে লম্ফঝম্ফ শুরু হয়ে গেছে।

রোববার মতিঝিলের কেন্দ্রীয় কার্যালয়ে আইনজীবীদের এক মতবিনিময় সভায় তিনি প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। দলের ভাইস চেয়ারম্যান ও সাবেক পিপি অ্যাডভোকেট নূরুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংগঠনের মহাসচিব কারী মাওলানা আমিনুল ইসলাম, অর্থসচিব আবু তাহের, সাহিত্য ও গবেষণা সম্পাদক আমীর হোসেন, মহানগর সভাপতি অধ্যক্ষ মামুদুর রহমান বিক্রমপুরী, আইন সম্পাদক অ্যাডভোকেট আবদুল মালেক, অ্যাডভোকেট জাহাঙ্গীর হোসেন, অ্যাডভোকেট তারেক আহমেদ চৌধুরী, অ্যাডভোকেট মিনহাজ আহমেদ, অ্যাডভোকেট মিজানুর রহমান, অ্যাডভোকেট সাইফউদ্দিন, অ্যাডভোকেট বশীরউদ্দিন আহমেদ, অ্যাডভোকেট আইয়ুব আলী প্রমুখ বক্তব্য রাখেন।